Language Code : **04**

इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This booklet contains **20** Printed pages.

# JSS-24-II

**प्रश्न-पत्र-II / PAPER-II**
**बंगाली भाषा परिशिष्ट**
**Bengali Language Supplement**
**भाग-IV & V / PART-IV & V**

मुख्य परीक्षा पुस्तिका संख्या / Main Test Booklet No.

मुख्य परीक्षा पुस्तिका कोड / Main Test Booklet Code
**I**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20) पर दिए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें। / FOR INSTRUCTIONS IN BENGALI SEE PAGE 2 OF THIS BOOKLET.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **I**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगाली) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगाली) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं। **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा-I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

## INSTRUCTIONS FOR CANDIDATES

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page/ marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **I**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bengali) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bengali) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part-V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) / Roll Number : in figures ____________________
: शब्दों में / in words ____________________
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________________ निरीक्षक के हस्ताक्षर : ____________________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile Signature Stamp of
Centre Superintendent : ____________________

Language Code : **04**

# JSS-24-II

**প্রশ্ন পত্র-II**

**বাংলা ভাষা পরিশিষ্ট**

**ভাগ-IV & V**

মুখ্য পরীক্ষা পুস্তিকা কোড

**I**

**বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত**

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।**

*পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :*

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **-এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **I**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (Invigilator) এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে 60টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)
   ভাগ V : ভাষা II (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)
7. **ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন। যদি ভাষা I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা। অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) -এর জন্য নির্দিষ্ট খালি-জায়গার মধ্যেই rough work করতে হবে।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ____________________

: (অক্ষরে) : ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **Language-I** only.

## PART-IV
## LANGUAGE-I
## BENGALI

| |
|---|
| যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন। |

**নির্দেশ ঃ প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নং প্রশ্ন) সর্বাধিক নিকটতম উত্তরটি নির্বাচন করুন।**

তখনও আমার বিবাহ হয় নাই, একা একাই থাকিতাম। হাসপাতালের কাজ হইয়া গেলে, সময় যেন কাটিতে চাহিত না। এই সময় একদিন বনবিভাগের পারিতোষিক-বিতরণ সভায় যোগ দিবার জন্য একটি নিমন্ত্রণ পত্র পাইলাম। সভাটি নাকি প্রতি বছরই হয়। যদিও সভা আমার ডিস্‌পেন্সারি হইতে বেশ একটু দূরে হইবে শুনিলাম— প্রায় ক্রোশখানেক দূরে— তবু ঠিক করিলাম যাইব।

সেই সভাতেই প্রথমে আমি বিক্রম হেম্‌ব্রোমের সাক্ষাৎ পাই। দৃষ্টি আকর্ষণ করিবার মতো পোশাক এবং চেহারা। মাথায় প্রকাণ্ড পিগ্‌স্টিক্ হ্যাট্ (হ্যাট্‌টা তিনি সর্বদা পরিয়াই থাকেন শুনিলাম), গায়ে ফুল-হাতা শার্ট, পায়ে ভারী বুট জুতা এবং পরিধানে খাকি ফুল-প্যান্ট। সৌম্য শান্ত চেহারা। মনে হইল যেন কালো পাথরের একটি মূর্তি এক ধারে বসানো রহিয়াছে। গোলগাল ভারী মুখ। পরিষ্কার কামানো। চোখের দৃষ্টি স্বচ্ছ এবং একাগ্র। দেখিয়া মনে হইয়াছিল বয়স চল্লিশের কোঠায় হইবে। পরে শুনিয়াছিলাম সত্তরের কাছাকাছি।

বনবিভাগের পারিতোষিক-বিতরণ সভায় কৃতী কর্মচারীদের গভর্নমেণ্ট পারিতোষিক বিতরণ করেন। পারিতোষিক বিতরণের পর সেদিন এস. ডি. ও. সাহেব (অবশ্য তিনি সাহেব নন, বাঙালী) নিমন্ত্রিত অভ্যাগতদের দিকে চাহিয়া বলিলেন, "আপনারা কেউ যদি কিছু বলতে চান, বলুন।"

বিক্রম হেম্‌ব্রোম উঠিয়া দাঁড়াইলেন এবং পরিষ্কার বাঙলায় বলিলেন, "আমি কিছু বলব।"

"বলুন।"

হেমব্রোম বলিতে লাগিলেন, "এই বনকে আমরা ভালোবাসি। এই বনের আশ্রয়ে আমরা লালিত, এই বনের দাক্ষিণ্যে আমরা পালিত। এই বনের রূপ দেখে আমরা মুগ্ধ, এই বনের গাছপালা, লতাগুল্ম, পশুপক্ষী, ফুল-ফল আমাদের পরম আত্মীয়। এই বনকে আমরা ভালোবাসি, খুবই ভালোবাসি, বনকে কেন্দ্র করেই আমাদের সুখ দুঃখ আশা আনন্দ সব। এই বনই আমাদের জীবন। এই বন যখন আমাদের অধিকারে ছিল তখন এই বনকে আমরা সেবা করতাম, এই বনকে আমরা রক্ষা করতাম। এই বনকে বিপদ থেকে বাঁচাবার জন্যে প্রাণ পর্যন্ত তুচ্ছ করতে পারতাম। বনে যখন আগুন লাগত তখন আমরা দলে দলে ছুটে যেতাম সে আগুন নেভাতে। বনের ছোট গাছকে কেউ যদি আঘাত করত আমরা শাস্তি দিতাম তাকে। অকারণে কোনও গাছ কাটবার নিয়ম ছিল না, অসময়ে বা অকারণে বনের পশুপক্ষী শিকার করাটা আমরা পাপ বলে মনে করতাম। এখন কিন্তু বন আর আমাদের অধিকারে নেই। এখন দেশ স্বাধীন হয়েছে, এখন আপনারাই বনের রক্ষণাবেক্ষণ করেন। বনের সম্বন্ধে আমাদের কথা আর কেউ শোনে না। আইনতঃ এখন আপনারাই বনের রক্ষক। সত্যিই যদি রক্ষক হতেন, সত্যিই যদি এই বনদেবীকে আপনারা সেবা করতেন তাহলে আমাদের দুঃখ হত না। এখন কিন্তু বড় দুঃখ হয়, কারণ আপনারা রক্ষক নন ভক্ষক। সকলেরই লক্ষ্য বনকে লুট করে নিজেদের স্বার্থসিদ্ধি করা। আমরা দূর থেকে দাঁড়িয়ে দেখি, কিছু বলতে পারি না, কারণ বললেও আমাদের কথা কেউ শোনে না। আজ আপনি সুযোগ দিলেন তাই আমার মনের কথাটা বলে ফেললাম। আপনারা বনকে ভালোবাসতে শিখুন, তাহলেই আমার মনের দুঃখ আপনারাও অনুভব করতে পারবেন। আর আমার কিছু বলবার নেই, এইবার আমি থামলাম।"

**91.** বর্তমানে বনের রক্ষণাবেক্ষণ কে বা কারা করে ?

(1) বনদেবী
(2) বনবিভাগ
(3) হাসপাতালের কর্মীরা
(4) হেম্‌ব্রোম ও তার সাথীরা

**92.** 'স্বচ্ছ' — এর সন্ধি বিচ্ছেদের সঠিক রূপটি হবে ঃ

(1) স্ব + অচ্ছ
(2) সা + অচ্ছ
(3) সু + অচ্ছ
(4) সঃ + অচ্ছ

**93.** হেম্‌ব্রোমের বক্তৃতা অনুযায়ী কোন বিবৃতিটি সত্য নয় ?

(1) স্বাধীনতা-পরবর্তী বন রক্ষণাবেক্ষণকারীরা বনকে ভালোবাসে না।

(2) স্বাধীনতা পূর্ববর্তী বন রক্ষণাবেক্ষণকারীরা বনকে ভালোবাসত না।

(3) বনে আগুন লাগলে বিক্রম ও তার সাথীরা দৌড়ে যেত আগুন নিভোতে।

(4) বনের পশু-পাখি শিকার বিক্রম ও তার সাথীরা পাপ বলে মনে করত।

**94.** পারিতোষিক-বিতরণের পর সভায় প্রদত্ত হেম্‌ব্রোমের বক্তৃতার প্রধান উদ্দেশ্য কী ছিল ?

(1) বনে আগুন লাগলে কী করা উচিত তা বোঝানো।

(2) বনের রক্ষক হয়েও যারা ভক্ষক তাদের সাবধান করা।

(3) বনের রক্ষণাবেক্ষণের নিয়মাবলীর বর্ণনা দেওয়া।

(4) বনবিভাগের লোকেদের বনকে ভালোবাসতে অনুরোধ করা।

**95.** আলোচ্য গদ্যাংশটিতে মূলতঃ কোন বিষয়ের বর্ণনায় অধিক গুরুত্ব দেওয়া হয়েছে ?

(1) লেখকের একাকী সময় কাটানোর।

(2) পারিতোষিক-বিতরণ সভার বর্ণনা।

(3) বিক্রম হেম্‌ব্রোমের পাথরের মূর্তির মতো চেহারার।

(4) বিক্রম হেম্‌ব্রোমের বনের প্রতি অকৃত্রিম ভালোবাসার।

**96.** "সভা আমার ডিস্‌পেন্সারি হইতে বেশ একটু দূরে হইবে শুনিলাম"
বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তরিত করলে সঠিক রূপটি হবে —

(1) সভা আমার ডিস্‌পেন্সারি হইতে বেশ একটু দূরে হবে শুনলাম।

(2) সভা আমার ডিস্‌পেন্সারি থেকে বেশ একটু দূরে হইবে শুনলাম।

(3) সভা আমার ডিস্‌পেন্সারি থেকে বেশ একটু দূরে হবে শুনিলাম।

(4) সভা আমার ডিস্‌পেন্সারি থেকে বেশ একটু দূরে হবে শুনলাম।

**97.** 'পারিতোষিক' শব্দটির বিশেষ্য শব্দ কোনটি ?

(1) পরিতোষ (2) পারত্রিক (3) পারতন্ত্র্য (4) পরিতুষ্ট

**98.** "এই বন যখন আমাদের অধিকারে ছিল তখন এই বনকে আমরা সেবা করতাম"—
প্রদত্ত বাক্যটি কোন শ্রেণীর বাক্য ?

(1) সরল (2) জটিল (3) যৌগিক (4) মিশ্র

**99.** নিচের কোনটি বিক্রম হেম্‌ব্রোমের চেহারার সঠিক বর্ণনা নয় ?

(1) তার চেহারার মধ্যে সৌম্য, শান্তভাব লক্ষণীয়।

(2) তার চোখের দৃষ্টির স্বচ্ছতা ও একাগ্রতা আকর্ষণীয়।

(3) তার চেহারা দেখলে চল্লিশের কাছাকাছি বয়স বলে মনে হয়।

(4) তার চেহারা দেখলে সত্তরের কাছাকাছি বয়স বলে মনে হয়।

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত কবিতাটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

হে ভারত মাতা তুমি ক্ষমা করো,
হে ধরিত্রী তুমি ক্ষমা করো,
হে বিশ্ব প্রকৃতি তুমি ক্ষমা করো,
যারা নারী রূপের অমর্যাদা করছে
যা শক্তি রূপের অবমাননা করছে
যারা সুন্দর শান্ত স্বভাবকে দুর্বলতা ভাবছে,
যে সব দুর্বৃত্তরা শৈশবরূপী—
নারী শরীরকে আঘাতে আঘাতে জর্জরিত করেছে,
মস্তিষ্ককে মাদকাসক্ত বিষ দ্বারা
অবশ-অচৈতন্য করে রেখেছে—
তাদেরও কি তোমরা ক্ষমা করবে ?
তাদেরও কি সহ্য করবে ?
তাদেরও বাঁচতে দেবে ?
তবে হে ভারতমাতা, হে ধরিত্রী, হে প্রকৃতি—

আমরা সাধারণ নারীরা,
কন্যা সন্তানের মায়েরা কি শুধুই—
দেখে যাবো ?
আর এই নিষ্ঠুর পাশবিক অত্যাচারের
স্বীকার হবো ?
আমরা পারবোনা, এই নবরূপী পিশাচদের
সঠিক শাস্তি দিতে ?
মাতৃরূপের, শক্তিরূপের, সৃষ্টিরূপের,
বুদ্ধিরূপের প্রকাশ ঘটাও
সংহার করো অসুর কূলের।।

**100.** ‘পাশবিক’ - এর বিশেষ্য শব্দ কোনটি ?

(1) পাশব (2) পশুবৎ (3) পশু (4) পশুপতি

101. বিশ্ব প্রকৃতির কাছে কাদেরকে শাস্তি প্রদানের আবেদন প্রকাশিত ?

(1) পিশাচরূপী দুর্বৃত্তদের যারা প্রকৃতিকে ধ্বংস করেছে।

(2) পিশাচরূপী দুর্বৃত্তদের যারা নারীদের উপর পাশবিক অত্যাচার চালিয়েছে।

(3) যারা ভারত মায়ের শক্তিরূপের অপমান করেছে।

(4) যারা কন্যা সন্তানদের মায়েদের উপর দৈহিক অত্যাচার করেছে।

102. কবিতাটিতে কার মানসিক যন্ত্রণার হাহাকার ফুটে উঠেছে ?

(1) নির্যাতিতা কন্যার

(2) নির্যাতিতা কন্যার মায়ের

(3) নির্যাতিতা বিশ্ব প্রকৃতির

(4) নির্যাতিতা ভারত মায়ের

103. কবিতায় কন্যা সন্তানের মায়েরা কীভাবে প্রতিবাদ জানাতে চান ?

(1) মাদকাসক্ত মস্তিষ্ককে অচেতন করে দিতে চান।

(2) দুর্বৃত্তদের ক্ষমা করতে চান।

(3) পিশাচরূপী দুর্বৃত্তদের পশ্চাত্তাপ করার সুযোগ দিতে চান।

(4) পিশাচদের সঠিক শাস্তি দিতে চান।

104. নীচের কোন শব্দটি 'সংহার' শব্দের সমার্থক নয় ?

(1) বধ (2) ঐক্য (3) বিনাশ (4) নিধন

105. কবি এখানে ভারতমাকে কটি রূপ ধারণ করে অসুর সংহারে প্রবৃত্ত হতে বলেছেন ?

(1) দুই (2) তিন (3) চার (4) পাঁচ

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (106 থেকে 120 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

106. শিক্ষক, শিক্ষার্থী এবং উপাদানের উপর পরীক্ষা এবং অভীক্ষার প্রভাবকে বলা হয় —

(1) রচনাত্মক (Corpus) প্রভাব

(2) পরিচ্ছন্নমূলক (Wash back) প্রভাব

(3) শ্রেণীকক্ষ (Classroom) প্রভাব

(4) উৎসাহবর্ধক (Reinforcement) প্রভাব

107. বিদ্যালয়গুলির সংযোজনকারী দ্বিভাষাতত্ত্ব অনুসরণ করা উচিত কারণ এটি —

(1) শিশুর সংস্কৃতি এবং ভাষাকে মূল্য দেয়।

(2) দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী শিক্ষণে গুরুত্ব প্রদান করে।

(3) শিশুর ভাষার বিকাশ ঘটায়, সংস্কৃতির নয়।

(4) প্রথম ভাষার বিকাশে বাঁধা দেয়।

108. স্বরভঙ্গি, স্বর, ঝোঁক, ছন্দ এই ধরণের ভাষাতাত্ত্বিক কার্যগুলি কী নামে পরিচিত ?

(1) কবিতা (Poetry)

(2) ছন্দবিদ্যা (Prosody)

(3) ধ্বনিতাত্ত্বিক (Phonetic)

(4) বাস্তব ধর্মী (Pragmatics)

109. ভারতবর্ষের ভাষাগুলি সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সত্য নয় ?

(1) ভারতীয় সংবিধান অনুসারে, ইংরেজী একটি সহ সরকারি ভাষা।

(2) ভারতবর্ষের সংবিধানের আটটি নীতির তালিকা অনুযায়ী, বাইশটি ভাষা সেখানে আছে।

(3) সংস্কৃত একটি আধুনিক ভারতীয় ভাষা।

(4) ভারতীয় উপমহাদেশে বিভিন্ন ভাষাভাষীর যোগাযোগের জন্য ব্যবহৃত ভাষা হল হিন্দি।

110. একটি ভাষা শ্রেণীতে ছাত্ররা শিক্ষকের নির্দেশ অনুযায়ী দল গঠন করে এবং প্রদত্ত বিষয়ে একটি বিজ্ঞাপন উপস্থাপিত করে। এই পদ্ধতিতে ভাষা শিখনকে বলা হয় —

(1) সহযোগী শিখন (Collaborative Learning)

(2) প্রতিযোগিতা এবং প্রতিদ্বন্দ্বিতা

(3) ভাষামূলক খেলাধুলা

(4) নির্দেশনা এবং পরামর্শ

111. একজন শিক্ষক রেস্তোরাঁয় ব্যবহৃত শব্দ তালিকার সাথে শিক্ষার্থীদের পরিচিত করানোর জন্য একটি কার্য দিলেন। নিচের কোনটি এই পাঠের উদ্দেশ্য হওয়া উচিত ?

(1) আভিধানিক উপাদানের সঙ্গে শিক্ষার্থীকে সচেতন করানো।

(2) ব্যাকরণিক উপাদানের সঙ্গে পরিচয় করানো।

(3) ছুটি কাটানোর স্থান সম্পর্কে পাঠটি পড়ানো।

(4) জটিল চিন্তার বিকাশ।

112. শিখনের কোন শাখাটি বিশ্বাস করে যে ভাষা, মৌখিক বা অমৌখিক যাই হোক না কেন, অভ্যাস গঠনমূলক পদ্ধতির মাধ্যমে অংশ গ্রহণ করে।

(1) সক্রিয় কর্মবাদী (2) আচরণবাদী

(3) জ্ঞানাত্মকবাদী (4) পারস্পরিক ক্রিয়াশীলতা/বা মিথষ্ক্রিয়াবাদী

113. গল্পের সময় এবং স্থানকে বলা হয়—

(1) বিষয় (2) প্রেক্ষাপট (3) কাহিনী (4) পরিণাম

114. একটি ভাষা শ্রেণীতে একজন শিক্ষক একদল ছাত্রকে ক্রেতা, সম্পত্তি-বিক্রেতা, জমির মালিক এবং ভাড়াটের অভিনয় করতে বললেন যখন অন্য ছাত্রদের তাদেরকে দেখতে এবং তাদের সংলাপ উপভোগ করতে বললেন। এই প্রক্রিয়াটিকে বলা হয় —

(1) চরিত্রাভিনয় (2) নাটক

(3) অভিনয় শিক্ষার ক্লাশ (4) নির্দেশনা

115. একজন ভাষা শিক্ষিকা পঞ্চম শ্রেণীর ছাত্রদের শিক্ষণকালে সংবাদপত্র, মেনুকার্ড, ট্রেন টিকিট এই ধরণের বস্তু নিয়ে আসেন। শিক্ষণ কার্যের জন্য তিনি কী করেন ?

(1) শিক্ষণকে অধিক বাস্তববাদী এবং প্রয়োজনীয় করার জন্য তিনি যথার্থ উপাদান ব্যবহার করেন।

(2) তিনি তাঁর ছাত্রদের বিবিধ ভাষা শেখানোর চেষ্টা করছেন।

(3) তিনি বাস্তবজীবনভিত্তিক পরিস্থিতির মাধ্যমে ছাত্রদের ইংরেজী শিখাতে চান।

(4) তিনি ছাত্রদের মধ্যে সচেতনতার সৃষ্টি করছেন।

116. শ্রবণভিত্তিক পাঠের পরিকল্পনায় নীচের কোনটি একটি গুরুত্বপূর্ণ বিষয় নয় ?

(1) রেকর্ডিং-এর বিরতি প্রদান (2) বক্তব্য প্রদানের গতি

(3) বক্তাদের লিঙ্গ (4) বক্তাদের সংখ্যা

117. ভারতবর্ষে বহুভাষাতত্ত্ব শিক্ষকদের কী বুঝতে প্ররোচিত করে ?

(1) ভাষার সংযোগ সাধন ঘটে, এবং সামাজিক সংলগ্নতা রক্ষা করা হয়।

(2) প্রভাবশালী ভাষার সঙ্গে সংখ্যালঘু ভাষাগুলি সমানভাবে একত্রীকরণ করা উচিত।

(3) বৈচিত্র্যপূর্ণ সমাজে একটি 'ভাষা' নীতি সুসংগঠিত হওয়া উচিত।

(4) ভাষা, পরিচয় এবং সংস্কৃতির পৃথক অস্তিত্ব রয়েছে।

118. ভাষার কোন দক্ষতাটি গ্রহণযোগ্য দক্ষতা হিসেবে পরিচিত ?

(1) শ্রবণ এবং বাচন (2) বাচন এবং লিখন

(3) পঠন এবং লিখন (4) শ্রবণ এবং পঠন

119. শ্রবণ কীসের সাথে সংযুক্ত ?

(1) ধ্বনিগুলি যেরূপ সেইভাবেই তাদের শোনা এবং অর্থোদ্ধার করা।

(2) বিষয়ের বিচার করা।

(3) বিষয়টির পূর্ব-লব্ধ জ্ঞানের ব্যবহার।

(4) ধ্বনিগুলি শনাক্তকরণ এবং তার থেকে অর্থ খুঁজে নেওয়া।

120. **A তালিকা**র ভাষা শিক্ষণ পদ্ধতির সঙ্গে **B তালিকা**ভুক্ত তাদের বোধ সম্পর্কিত অথবা অন্য কোনো সংযুক্ত প্রক্রিয়াগুলি মেলাও —

| | A | | B |
|---|---|---|---|
| (a) | সংযোগমূলক ভাষা শিক্ষণ | (i) | সামাজিকভাবে গ্রহণযোগ্য এবং প্রাসঙ্গিকভাবে উপযুক্ত ভাষা |
| (b) | প্রত্যক্ষ পদ্ধতি | (ii) | নীরব পঠন |
| (c) | ব্যাকরণ অনুবাদ | (iii) | লিখিত সাহিত্যিক পাঠ |
| (d) | পশ্চিমের নূতন পদ্ধতি | (iv) | ব্যাকরণ উদ্দীপক হিসেবে শেখানো হয় |

(1) (a)-(i), (b)-(iv), (c)-(iii), (d)-(ii)
(2) (a)-(iv), (b)-(ii), (c)-(iii), (d)-(i)
(3) (a)-(iii), (b)-(i), (c)-(ii), (d)-(iv)
(4) (a)-(ii), (b)-(i), (c)-(iv), (d)-(iii)

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **Language-II** only.

## PART-V
## LANGUAGE-II
## BENGALI

| |
|---|
| যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** এর উত্তর দেবেন। |

**নির্দেশ ঃ প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

নিখিলরঞ্জন পোকার শত্রু ছিল। পোকা দেখিলেই মারিয়া ফেলিত। ছেলেবেলা হইতেই তাহার এই অভ্যাস। মানুষের যেমন মুদ্রা-দোষ থাকে অনেকটা তেমনি। কোথাও পোকা দেখিলে তাহাকে না মারা পর্যন্ত সে স্থির থাকিতে পারিত না। ছেলেবেলায় সে বাড়ির আশেপাশে ঘুরিত পোকা ধরিবার জন্য। প্রজাপতি বা উড়ন্ত-পোকাদের প্রায়ই ধরিতে পারিত না, ধরিত সেই সব পোকাদের যাহারা পাতার উপর চুপ করিয়া বসিয়া থাকে কিংবা ধীরে ধীরে সঞ্চরণ করে। শশা বা ঝিঙের লতায় একরকম গোল গোল লাল পোকা থাকে। নিখিল সেগুলিরই বিশেষ শত্রু ছিল। কিছুদিন পরে কিন্তু আর এক ধরনের পোকার বিরুদ্ধে সে অভিযান শুরু করিল। পোকাগুলি ছাই-ছাই রঙের, সর্বাঙ্গ শক্ত খোলায় আবৃত। চোখ দু'টি নিষ্ঠুর। একটি ছেলে নিখিলকে পোকাটির বিষয়ে জ্ঞান-দান করিল।

"ভয়ানক পাজি পোকা এগুলো। এদের কান-কটারি পোকা বলে। এরা সুযোগ পেলেই কানে ঢোকে। সাংঘাতিক পোকা"— নিখিল তৎক্ষণাৎ পোকাটিকে পিষিয়া মারিয়া ফেলিল। এবং তাহার পর হইতেই ওই পোকা দেখিলে পিষিয়া মারিয়া ফেলিত। কত পোকা যে মারিয়াছিল তাহার আর ইয়ত্তা নাই। বস্তুত বাল্যে এবং কৈশোরে পোকা-নিধনই তাহার একমাত্র ব্যসন (hobby) ছিল।

নিখিলরঞ্জন যখন কলেজে পড়িতে গেল তখন তাহার এই ব্যসনে খানিকটা ছেদ পড়িয়াছিল। কারণ পাড়াগাঁয়ে পোকার যত প্রাদুর্ভাব কলিকাতা শহরে তত নয়। কলিকাতার মানুষরাই পোকার মতো চারিদিকে কিলবিল করিতেছে। তবু মাঝে মাঝে দেখা যাইত, রাত্রে নিখিলরঞ্জন রাস্তার ল্যাম্পপোস্টগুলির দিকে ঊর্ধ্বমুখে চাহিয়া আছে। রাস্তার আলোগুলিকে কেন্দ্র করিয়া অনেক পোকার ভীড়। কিন্তু সেগুলি তো নাগালের বাহিরে। নিখিলরঞ্জন কিছুক্ষণ চাহিয়া থাকিয়া আবার মেসে ফিরিয়া যাইত। একদিন সহসা অনুভব করিল, তাহার কামিজের ভিতর একটা পোকা ঢুকিয়াছে, পিঠের দিকে সড়সড় করিয়া চলিয়া বেড়াইতেছে। তাড়াতাড়ি কামিজটা খুলিয়া ফেলিল, দেখিল পোকাই, সেই ছাই-ছাই রঙের কান-কটারি পোকা। সঙ্গে সঙ্গে পিষিয়া মারিয়া ফেলিল সেটাকে। আরও মাসখানেক পরে যাহা ঘটিল তাহা একটু অদ্ভুত। নিখিলরঞ্জন একটু পরিষ্কার পরিচ্ছন্ন মানুষ। গামছাটি নিজের হাতে কাচিয়া শুকাইতে দেয়। পরিষ্কারভাবে নিজের বিছানা নিজেই করে। মশারিটি ঝাড়িয়া স্বহস্তে টাঙায় সেটি রোজ। একদিন রাত্রে শুইয়া আছে, চোখে ঘুমটি সবে লাগিয়াছে, এমন সময় তাহার মনে হইল ঘাড়ের নীচে কি যেন সুড়সুড় করিতেছে। তাড়াতাড়ি উঠিয়া টর্চ জ্বালিল। কিছু দেখিতে পাইল না প্রথমে। তাহার পর বালিশ উল্টাইয়া দেখিল, একটা পোকা তর-তর করিয়া পলাইতেছে। ছাই-ছাই রঙের সেই পোকা ! পোকাটার কেমন যেন একটা স্পাই-স্পাই ভাব। এদিক ওদিক ক্রমাগত লুকাইয়া বেড়াইতে লাগিল, সহজে তাহাকে ধরা গেল না। কিন্তু নিখিল ছাড়িবার পাত্র নয়। পোকাটাকে অবশেষে সে ধরিয়া ফেলিল এবং তর্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যে পিষিয়া মারিয়া ফেলিল সেটাকে। মরিবার সময় পোকাটা অদ্ভুত শব্দ করিল একটা। 'কিঁ—চ্'। শব্দটা ছুঁচের মতো নিখিলের কানে গিয়া বিঁধিল। ইহার পরই সে চোখ তুলিয়া দেখিল, মশারির চালে আর একটা পোকা রহিয়াছে। নিখিলের মনে হইল, কেমন যেন ঘাপটি মারিয়া বসিয়া আছে। ধরিবার জন্য হাত বাড়াইতেই উড়িয়া

গিয়া তাহার কপালে আঘাত করিয়া অন্যত্র বসিল। নিখিলের মনে হইল পোকাটা যেন আক্রমণ করিল তাহাকে। রুখিয়া উঠিল সে। কিন্তু হাত বাড়াইয়া যে-ই পোকাটাকে ধরিতে যায়, অমনি সে সরিয়া পড়ে, কিন্তু মানুষের সঙ্গে পোকা পারিবে কেন। খানিকক্ষণ পরে নিখিল তাহাকে ধরিয়া ফেলিল এবং দুই আঙুল দিয়া পিষিয়া মারিল। এ পোকাটাও শব্দ করিল—'কিঁ—চ্'। নিখিল দেখিল ঘরের ছাতে কয়েকটা পোকা বসিয়া রহিয়াছে। নিখিলের মাথায় রক্ত চড়িয়া গিয়াছিল। সে বিছানা হইতে বাহির হইয়া ঝাঁটা হাতে টেবিলের উপর উঠিয়া দাঁড়াইল। পোকাগুলি মেঝেতে পড়িবামাত্র লাফাইয়া নামিয়া যতগুলিকে পারিল পা দিয়া পিষিয়া মারিল। প্রত্যেক পোকাটাই মরিবার আগে অন্তিম আর্তরব করিল—'কিঁ—চ্'। সব পোকাগুলোকে নিখিল মারিতে পারে নাই। একটা পোকা জানালা দিয়া উড়িয়া গেল।

**121.** প্রদত্ত বিবৃতি দুটি **(ক)** এবং **(খ)** পড়ুন এবং সঠিক উত্তর নির্বাচন করুন।

**বিবৃতি (ক)** ঃ নিখিলরঞ্জন যখন কলেজে পড়িতে গেল তখন তাহার এই ব্যসনে খানিকটা ছেদ পড়িয়াছিল।
**বিবৃতি (খ)** ঃ আরও মাসখানেক পরে যাহা ঘটিল তাহা একটু অদ্ভুত।

(1) বিবৃতি **(ক)** জটিল বাক্য; এবং বিবৃতি **(খ)** সরল বাক্য।

(2) বিবৃতি **(ক)** সরল বাক্য; এবং বিবৃতি **(খ)** জটিল বাক্য।

(3) বিবৃতি **(ক)** এবং **(খ)** দুটোই জটিল বাক্য।

(4) বিবৃতি **(ক)** এবং **(খ)** দুটোই যৌগিক বাক্য।

**122.** "মশারিটি ঝাড়িয়া স্বহস্তে টাঙায় সেটি রোজ"—

বাক্যটিতে স্বহস্তে শব্দটি কোন কারকের উদাহরণ ?

(1) কর্ম (2) করণ (3) অপাদান (4) অধিকরণ

**123.** তর্জনী ও অঙ্গুষ্ঠ হলো—

(1) দুই হাত (2) দুটি আঙ্গুল (3) দুটি সাঁড়াশি (4) দুটো কাটারি

**124.** গদ্যাংশটিতে প্রধানতঃ কোন দিকটির উপর গুরুত্ব দেওয়া হয়েছে ?

(1) নিখিলের অদ্ভুত বদ অভ্যাসের বর্ণনা (2) কান-কটারি পোকার স্বভাবের বর্ণনা

(3) নানারকম পোকার চেহারার বর্ণনা (4) নিখিলের পোকামারার কৌশলের বর্ণনা

**125.** নিচের কোন ক্রিয়াটি মুদ্রা-দোষ ?

(1) খেলাধুলা করা (2) গল্পের বই পড়া

(3) হাত দিয়ে খাওয়া (4) দাঁত দিয়ে নখ কাটা

**126.** নিম্নে প্রদত্ত বিবৃতিগুলি পড়ুন এবং প্রদত্ত গদ্যাংশ অনুযায়ী বিবৃতিগুলির সঠিক ক্রমটি নির্বাচন করুন।

(ক) নিখিল তাড়াতাড়ি উঠে টর্চ জ্বালিল।

(খ) নিখিল দেখিল ঘরের ছাতে কয়েকটা পোকা বসিয়া আছে।

(গ) ইহার পরই সে চোখ তুলিয়া দেখিল, মশারির চালে আর একটা পোকা রহিয়াছে।

(ঘ) তাহার পর বালিশ উল্টাইয়া দেখিল, একটা পোকা তর তর করিয়া পলাইতেছে।

সঠিক উত্তর নির্বাচন কর।

(1) (খ) — (গ) — (ক) — (ঘ)

(2) (গ) — (খ) — (ঘ) — (ক)

(3) (ক) — (ঘ) — (গ) — (খ)

(4) (ঘ) — (ক) — (গ) — (খ)

**127.** নিখিলরঞ্জনের প্রধান অভ্যাস কী ছিল ?

(1) পোকা পালন (2) পোকা পোষণ (3) পোকা নিধন (4) পোকা দর্শন

**128.** কোন পোকাটি প্রায়ই নিখিলের আয়ত্ত্বের মধ্যে আসত না ?

(1) ঝিঙে গাছের পোকা (2) শশা গাছের পোকা

(3) কান-কটারি পোকা (4) প্রজাপতি

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

ঝাড়খণ্ডের পালামৌ জঙ্গলে বেতলার কথা সকলেই জানে। কারণ সেখানেই পালামৌ ন্যাশনাল পার্কের হেডকোয়ার্টার। চাঁদোয়াটোরি থেকে যে পথটি লাতেহার হয়ে ডালটনগঞ্জ শহরের দিকে চলে গেছে, সে পথেই ডালটনগঞ্জের সাত মাইল আগে একটি পথ বাঁদিকে ঢুকে গেছে জঙ্গলে। তারপর ঔরঙ্গি নদীর উপরের সাঁকো পেরিয়ে চলে গেছে বেতলার দিকে। ঔরঙ্গি সাঁকো থেকে ডানদিকে চাইলে চোখে পড়ে কেচকি বাংলোটি। সেই কেচকিতে ঔরঙ্গি আর কোয়েলের সঙ্গমস্থল। এই কেচকি বাংলো বিখ্যাত হয়ে গেছে সত্যজিৎ রায়ের 'অরণ্যের দিনরাত্রি' ছবির পটভূমি হিসাবে। এখানেই সৌমিত্র, শুভেন্দু, শমিত ভঞ্জ, রবি ঘোষদের দেখা গিয়েছিল বাংলোর ধারের কুয়োতে চান করতে।

বেতলা ছাড়িয়ে আরও এগিয়ে গেলে চেকনাকা। সেই নাকা পেরিয়ে আরও এগিয়ে গেলে পথের ডানদিকে কিছুটা গিয়ে পড়ে বনবিভাগের বাংলো কেঁর। এই কেঁর ছাড়িয়ে আরও কিছুটা গেলে পড়ে চিপাদোহার। চিপাদোহারে খুব বড়ো রেলের ইয়ার্ড আছে। একসময় বাঁশ ও কাঠের ঠিকাদারেরা অগণ্য ট্রাকে করে বাঁশ ও কাঠ নিয়ে এসে ওয়াগনে লাদাই করতেন এবং সেখান থেকে বাঁশ ও কাঠ চলে যেত কলকাতার দিকে। অ্যান্ড্রু ইয়ুল অ্যান্ড কোং-এর পেপার মিল ছিল কলকাতার কাছেই। সেই সাবসিডিয়ারি কোম্পানির নাম ছিল আই পি পি। ইন্ডিয়ান পেপার পাল্প। আমাদের মক্কেল এম এল বিসোয়াস অ্যান্ড কোং পালামৌয়ের বাঁশের জঙ্গলের মনোপলি লিজ নিয়েছিলেন। এবং তাঁদের সংগৃহীত বাঁশ সবই আই পি পি কোম্পানি নিয়ে নিতেন। এই এম এল বি মানে মুকুন্দলাল বিসোয়াসের বড়ো ছেলে আর কে বি যার ডাকনাম ছিল মোহন, সে-ই সত্যজিৎ রায়ের *অরণ্যের দিনরাত্রি* এবং *প্রতিদ্বন্দ্বী-র* শুটিং-এর পুরো বন্দোবস্ত করেছিল। মোহনকে লোকে বলত 'প্রিন্স অব পালামৌ'। সে আমাকে বড়োভাই মানে বড়োদাদা বলে সম্বোধন করত এবং পালামৌ সম্বন্ধে আমার যা কিছু লেখালেখি, সবই ওর দাক্ষিণ্যে সম্ভব হয়েছিল। পালামৌয়ের পটভূমিকায় *কোয়েলের কাছে, কোজাগর* এবং আরও অনেক লেখা সম্ভব হত না মোহনের অদৃশ্য সাহায্য ছাড়া। পালামৌ থাকাকালীন বিভিন্ন বাংলো, গাড়ি এবং অন্যান্য সব কিছু দিয়ে সাহায্যের জন্য মোহনের কাছে আমি চিরকৃতজ্ঞ থাকব। সে অবশ্য চলে গেছে আজ বেশ কয়েক বছর হল।

129. নীচে প্রদত্ত তালিকায় মিলিত শব্দগুলির মধ্যে কোনটি ঠিক নয় ?

(1) আই পি পি → ইন্ডিয়ান পেপার পাল্প

(2) এম এল বি → মুকুন্দলাল বিসোয়াসের বড়ো ছেলে

(3) কে বি → মোহন

(4) প্রিন্স অব পালামৌ → সত্যজিৎ রায়

130. "এক সময় বাঁশ ও কাঠের ঠিকাদারেরা অগণ্য ট্রাকে করে বাঁশ ও কাঠ নিয়ে এসে ওয়াগনে লাদাই করতেন"— নিচে প্রদত্ত কোন শব্দটি 'লাদাই' শব্দটির পরিবর্তে প্রয়োগ করলে অর্থ অবিকৃত থাকবে।

(1) বোঝাই (2) পাচার (3) চালান (4) বিক্রয়

131. লেখকের পালামৌ-এর পটভূমিকায় লেখা গল্পগুলির সৃষ্টির জন্য কার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন ?

(1) মোহন (2) সত্যজিৎ রায়

(3) মুকুন্দলাল বিসোয়াস (4) বড়োভাই

132. এখানে পালামৌয়ের পটভূমিকায় লেখকের লেখা ক'টি বইয়ের নামের উল্লেখ রয়েছে ?

(1) এক (2) তিন (3) দুই (4) চার

133. চাঁদোয়াটোরি থেকে চিপাদোহারের যাত্রাপথে যে জায়গাগুলি দেখা যায় সেগুলি ক্রমানুযায়ী লিখলে সঠিক ক্রমটি হবে —

(1) বেতলা—ঔরঙ্গি সাঁকো—কেচকি বাংলো—ডালটনগঞ্জ— কেঁর বাংলো।

(2) ডালটনগঞ্জ—ঔরঙ্গি সাঁকো—কেচকি বাংলো—বেতলা—কেঁর বাংলো।

(3) ডালটনগঞ্জ—কেচকি বাংলো—বেতলা—ঔরঙ্গি সাঁকো—কেঁর বাংলো।

(4) বেতলা—কেঁর বাংলো—ঔরঙ্গি সাঁকো—ডালটনগঞ্জ—কেচকি বাংলো।

134. "অরণ্যের দিনরাত্রি" ছবিতে শুটিং-এর সময় কোথায় অভিনেতারা স্নান করেছিলেন যা প্রেক্ষাপট হিসেবে সিনেমাটিতে দেখতে পাওয়া যায় ।

(1) কেঁর বাংলোর কুঁয়োর ধারে

(2) ঔরঙ্গি আর কোয়েলের সঙ্গমস্থলে

(3) কেচকি বাংলোর কুঁয়োর ধারে

(4) ঔরঙ্গি সাঁকোর পাশে

135. সঙ্গমস্থলের অর্থ কী ?

(1) উৎস স্থল (2) মোহনা (3) মিলন স্থল (4) অববাহিকা

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (136 থেকে 150 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

**136.** যে উপাদানটি কিছু সংখ্যক সমকালীন ও অসমনিয়ত অনলাইন শিক্ষণ অবসর প্রদান অনুমোদন করে, সেটি কী ?

(1) পাঠ্যবই (2) রেলের টিকিট (3) টেলিভিশন (4) ছোটো প্যাড

**137.** গঠনমূলক মূল্যায়নে কোন উপাদানটি আদর্শ <u>নয়</u> ?

(1) প্রদত্ত কার্য (2) কাগজ-পেন্সিল পরীক্ষা

(3) প্রকল্প (4) শ্রেণী-উপস্থাপনা

**138.** ভাষা শিক্ষণে প্রাত্যাহিক জীবনভিত্তিক বস্তুর ব্যবহারকে বলা হয়—

(1) বাস্তব উপাদান (2) ভাষা সম্পর্কিত খেলাধুলা

(3) শিক্ষণ উপাদান (4) পাঠ

**139.** শিক্ষানীতিতে (ত্রিভাষানীতি) ভারতীয় ভাষা কীসের বিকাশ সাধন করে ?

(1) বহুভাষিক শিক্ষা

(2) একভাষী শিক্ষা

(3) হিন্দীকে গুরুত্ব প্রদান করে দ্বিভাষা শিক্ষা

(4) মাতৃভাষা নির্ভর বহুভাষাতত্ত্ব

**140.** অবরোহী প্রক্রিয়া (Top-down) সম্পর্কে কোনটি সত্য <u>নয়</u> ?

(1) শ্রোতা তাদের পূর্ব জ্ঞানকে ভরসা করে।

(2) উদ্দিষ্ট অর্থ সম্পর্কে শ্রোতা অনুমান করে।

(3) শ্রোতারা বিশ্বসংক্রান্ত জ্ঞানের ব্যবহার করে।

(4) শ্রোতার প্রতিটি শব্দের অর্থ বোঝা প্রয়োজন।

**141.** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কখন পালিত হয় ?

(1) ১ লা জানুয়ারী (2) ১৪ ই ফেব্রুয়ারী

(3) ২১ শে ফেব্রুয়ারী (4) ১৩ ই এপ্রিল

**142.** যদি তুমি তোমার সহকর্মী বন্ধু কে ই-মেল করেছ, তুমি তোমার লেখা ই-মেলটির ধরণ চিহ্নিত কর —

(1) অপ্রথানুসারী (2) প্রথানুসারী (3) ব্যবসায়িক (4) যোগাযোগ সংক্রান্ত

**143.** শিক্ষণ-শিখন পদ্ধতিতে সারাক্ষণই মূল্যায়ন চলতে থাকে শিক্ষার্থীর শিখন এবং বোধের বিশ্লেষণে, এটিকে বলে —

(1) শিখনের জন্য মূল্যায়ন (2) শিখনের মূল্যায়ন

(3) শিখনে মূল্যায়ন (4) মূল্যায়ন হিসেবে শিখন

**144.** দ্বিতীয় ভাষার ক্লাশে শিক্ষক একটি অডিও বাজালেন যার বিষয় হল — "স্বাস্থ্যই সম্পদ"। এরপর তিনি একটি মুদ্রিত পৃষ্ঠা সকলকে দিলেন এবং প্রদত্ত বিকল্প থেকে সঠিক উত্তরটি নির্বাচন করতে বললেন। পাঠটির উদ্দেশ্য ছিল শিক্ষার্থীকে যোগ্য করে তোলা—

(1) স্বাস্থ্য সম্পর্কিত পাঠটি শোনায়

(2) শিক্ষার্থীদের কোন প্রকল্পে ব্যস্ত রাখায়

(3) ধারণা-বিশ্লেষণে শ্রবণযোগ্য করে তোলায়

(4) স্বাস্থ্য এবং সম্পদ সম্পর্কিত পাঠটি মুখস্থ করায়

**145.** ভাষা শিখনে ভ্রান্তি সংক্রান্ত কোনটি সত্য <u>নয়</u> ?

(1) ভ্রান্তি ভাষা শিখন পদ্ধতিতে বাঁধা প্রদান করে।

(2) ভ্রান্তি সর্বদা খারাপ নয় এবং শিখনে সাহায্য করে।

(3) ভ্রান্তি ভাষা শিখন পদ্ধতির অত্যন্ত তাৎপর্যপূর্ণ দিক।

(4) ভ্রান্তি দ্বিতীয় ভাষা অর্জন পদ্ধতি বুঝতে সাহায্য করে।

**146.** ভাষা শিক্ষায় সৃজনশীলতা হল—

(1) উন্মুক্ত শ্রেণীকক্ষ কার্য যেটি বিভিন্ন অনুমান এবং উত্তরকে অনুমোদন করে।

(2) কিছু বোঝার জন্য বিভিন্ন বিষয় থেকে উপাদানগুলি একত্রিত করা।

(3) শিক্ষণের নূতন পদ্ধতি ব্যবহার করে শ্রেণীকক্ষ-কার্যক্রম।

(4) সংযোগকারী ভাষা শিক্ষণ ব্যবহার করে শ্রেণীকক্ষ উপাদান।

**147.** ভাষার দিকে শিক্ষার্থীর প্রকাশ হওয়া উচিত এবং ভ্রান্তি হল প্রমাণ যাতে শিখনের স্থান নির্দেশিত হয় —

(1) আচরণবাদী দ্বারা (2) জ্ঞানাত্মকবাদী দ্বারা

(3) মানবতাবাদী দ্বারা (4) মনোবিশ্লেষক দ্বারা

**148.** নীচের কোন বিবৃতিটি ঠিক ?

(1) ডিস্‌লেক্সিয়া একটি পঠন বিশৃঙ্খলা।

(2) ডিসগ্রাফিয়া একটি লিখন বিশৃঙ্খলা।

(3) ডিসগ্রাফিয়া একটি পঠন বিশৃঙ্খলা।

(4) ডিস্‌লেক্সিয়া একটি লিখন বিশৃঙ্খলা।

**149.** সরকারি বিদ্যালয়ের একজন শিক্ষিকা, রীতা, দৃশ্য-যন্ত্র এবং ভাষা সংক্রান্ত খেলা ব্যবহার করে সপ্তম শ্রেণীতে ইংরেজী শিক্ষণের জন্য। রীতা শিক্ষণের কোন আদর্শটি প্রয়োগ করছে ?

(1) সহজাত পদ্ধতির আদর্শ

(2) অনুশীলন এবং অভ্যাস গঠনের আদর্শ

(3) উৎসাহ এবং আগ্রহের আদর্শ

(4) জীবনের সাথে সম্পর্কিত আদর্শ

**150.** যখন কোনো ছোটো গল্পে জীবজন্তুগুলি প্রধান প্রধান চরিত্র হয় এবং একটি জোরালো নীতি শেখায় তখন সেটিকে কী বলে ?

(1) উদ্ভট কল্পনা (Fantasy)

(2) উপকথা (Fable)

(3) বিজ্ঞান ভিত্তিক অলীক কল্পনা (Science Fiction)

(4) ভ্রমণ কাহিনী

**- o 0 o -**

SPACE FOR ROUGH WORK

**নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল / কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোনো পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোনো ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে। **পরীক্ষার্থীরা তাদের বাম হাতের বুড়ো আঙ্গুলের ছাপ হাজিরা পত্রে দেওয়া স্থানে অবশ্য লাগান।**
12. ইলেক্ট্রনিক/ হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ী সম্পন্ন হবে।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **नीले/काले बॉल पॉइन्ट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के कोड या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका कोड व संख्या को परीक्षार्थी सही तरीके से उपस्थिति-पत्र में लिखें।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और परीक्षार्थी विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं उपस्थिति-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार उपस्थिति-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान उपस्थिति-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी परीक्षण संस्था के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला परीक्षण संस्था के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी भी परिस्थिति में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Blue / Black Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against the candidate including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Examining Body with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Examining Body.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***